গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১০)-২২৩

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন ঘড়িয়ালডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কুদ্দুস প্রামাণিকের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব আঃ আজিজ গং এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ে, জনাব আঃ আজিজ গং, ঘড়িয়ালডাঙ্গা ইউনিয়ন, রাজারহাট, কুড়িগ্রাম এর আবেদনটি (সংযুক্তিসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩০-৩-২০২২
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
ইমেইল: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১০)-২২৩/১(৫)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জনাব আঃ আজিজ, , ঘড়িয়ালডাঙ্গা ইউনিয়ন, রাজারহাট, কুড়িগ্রাম।

৩০-৩-২০২২
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বর | স্বাক্ষর |
| তারিখ | |

ডায়েরী নং ৪৬৬
তারিখ ২১/০৩/২০২২
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মন্ত্রীর দপ্তর)

বরাবর,
জেলা প্রশাসক,
কুড়িগ্রাম।

**বিষয়- মাতৃভাষা দিবসে জুতা পায়ে শহীদ মিনারের উপর উঠে জাতীয় অনুভূতি পরিপন্থী, রাষ্ট্র বিরোধী কাজ সহ অনৈতিক কার্য কলাপে জড়িত থাকায় অপরাধীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহনের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা ঘড়িয়ালডাঙ্গা ইউনিয়নের সচেতন মহল অত্র ইউনিয়নের নব-নির্বাচিত চেয়ারম্যান মোঃ আব্দুল কুদ্দুস প্রামানিকের কিছু আইন বিরোধী ও অনৈতিক কার্য কলাপ সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ পূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য বিনিত আবেদন জানাচ্ছি।

প্রথমত- আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস ২০২২ জাতীয় দিবসে চেয়ারম্যান সাহেব জুতা পায়ে শহীদ মিনারে ফুল প্রদানের নামে শহীদের আমর্যাদা ও মুক্তিযুদ্ধের চেতনাকে অসম্মান করেছেন, যা সোসাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। এই ঔদ্ধত্য পূর্ন কাজ আমাদের জাতীয় মর্যাদাকে ভূ-লুণ্ঠিত করে। যা আইন পরিপন্থী ও রাষ্ট্রদ্রোহীতার সামিল।

দ্বিতীয়ত- ইউনিয়নের বিভিন্ন জায়গায় তিনি সরকারী ভূ-সম্পত্তি বা খাস জমি দখলের পায়তারা করছে এবং পরিকল্পিত ভাবে চেয়ারম্যান সাহেব তার দখলদার বাহিনী দ্বারা একাধিকবার জমি দখলের চেষ্টা চালাচ্ছে।

তৃতীয়ত- দায়িত্ব গ্রহন করার পর পরই বাল্য বিবাহ দিয়ে তিনি আমাদের জাতীয় অঙ্গীকার কে বৃদ্ধাঙ্গুঁলি দেখিয়ে শপথ ভঙ্গ করে মাননীয় প্রধান মন্ত্রীর মান ক্ষুন্ন করে চলেছেন।

চতুর্থত- ইউনিয়নের ২নং ওয়ার্ডের বাঘআছড়া মৌজার পাগলী বুড়ীর দুর্গা মন্দির সংলগ্ন শ্মশ্মানে কালি পূজা উপলক্ষে স্থানীয় ভক্ত মন্ডলীর মাটি ভরাট কাজে বাধা দিয়ে সাম্প্রদায়িক উস্কানি দেয়ার চেষ্টা করছেন।

পঞ্চমত- সাম্প্রদায়িক উস্কানি দিয়ে ৬নং ওয়ার্ডের ছড়ার পাড় শ্মশ্মান ঘাটে ৪০ দিনের মাটি কাটার কাজ বন্ধ করে দিয়েছেন।

ষষ্ঠত- গোষ্ঠি ভিত্তিক দ্বন্দ্ব সৃষ্টির পায়তারা হিসেবে ৯নং ওয়ার্ডের মেদনী গুচ্ছ গ্রামে তার কর্মী সমর্থক এবং সন্ত্রাসী দিয়ে বিশৃঙ্খলা, দাঙ্গা-হাঙ্গামা শুরু করেছেন।

সপ্তমত- চেয়ারম্যান তার কর্মী, সমর্থক ও সন্ত্রাসীদের লেলিয়ে দয়িছেন তার প্রতিপক্ষের দিকে। ফলশ্রুতিতে ইউনিয়নে চুরি, সামাজিক অরাজকতা, অপকর্ম বৃদ্ধি পেয়েছে। যার প্রত্যক্ষ মদদ দাতা চেয়ারম্যান নিজেই।

অষ্টমত- কর্মসৃজন প্রকল্পে সরকারী বিধি মোতাবেক শ্রমিকের নামের অনুমোদিত তালিকা হতে নৌকা প্রেমিক শ্রমিক ছাটাইয়ের পায়তারা চালাচ্ছে, যা দুর্বলের উপর সবলের অত্যাচার ও আইন পরিপন্থী।

নবমত- ইউডিসি, উদ্যোক্তা ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের সুনীল চন্দ্র মোহন্ত কে তার দায়ীত্ব থেকে অপসারনের জন্য তাকে লাঞ্চিত করা হয়েছে। যা তার সাম্প্রদায়িক প্রতিহিংসার যেটি ঘৃন্যতম উদ্দেশ্য।

সর্বপরি শপথ গ্রহনের ১ মাসের মধ্যে এসব অসামাজিক, সংবিধান বিরোধী কার্যকলাপ সরকারী আইন, নীতির তোয়াক্কা না করে তিনি যা খুশি তাই করে যাচ্ছেন, যা দেখার বা শোনার কেউ নাই। স্বভাব জাত ভাবে তিনি একজন উগ্র সাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী।

মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
১৮.০৩.২২

মন্ত্রীর একান্ত সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ডাইরী নং ৯১২ তারিখ ২০/৩/২২
প্রয়োজনীয় কার্যার্থে/অবগতার্থে প্রেরিত হইল
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইউপি)
স্থানীয় সরকার বিভাগ

২০০২ সালে তিনি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন কালীন ত্রানের টিন অসহায় জনগনকে না দিয়ে আত্নীয় স্বজনকে এমন কি নিজের বাড়িতে ব্যবহার করেছেন। যা সরকারী ভাবে পরবর্তীতে সেনা বাহিনী কর্তৃক খুলে নিয়ে যাওয়া হয়। তিনি বিশ্ব নন্দিত, আধুনিক বাংলাদেশের রুপকার মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, বাংলাদেশ আওয়ামীলিগ ও নৌকা প্রতীক কে কখনই সহ্য করতে পারেন না। বিগত ২০১৩,১৪,১৫ সালে রাষ্ট্র বিরোধী সন্ত্রাসী কার্যকলাপের সমর্থনে তিনি বিভিন্ন বাজার ঘাটে জনমত তৈরীর উস্কানী দিয়েছেন। জননেত্রী শেখ হাসিনাকে টিভির পর্দায় দেখা গেলে সাথে সাথে টিভি সেট বন্ধ করার প্রকাশ্য নির্দেশ দিতেন, যার স্বাক্ষী ইউনিয়নের অনেকে। উগ্র সাম্প্রদায়িক চেতনার একজন ধুরন্দর, সু-চতুর, যিনি উদ্ধত্যপূর্ণ আচরণ দিয়ে দেশ ও সমাজ বিরোধী কার্যকলাপে জড়িত। আমরা এর তদন্ত পূর্বক প্রতিকারের ব্যবস্থা গ্রহনের আবেদন জানাই।

বিধায় প্রার্থনা, অনুগ্রহ পূর্বক বিষয়গুলি নেক আমলে গ্রহন পূর্বক ঘটনার সত্যতা যাচাই করতঃ এ পরিস্থিতির প্রতিকার, আইনের শাসন প্রতিষ্ঠার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও অপরাধীর বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানে আপনার সদয় মর্জি হয়।

সংযুক্তি:

১. শহীদ মিনারে জুতা পায়ে উঠার ছবি।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো:</u>

০১. মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার রংপুর বিভাগ, রংপুর।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট। ✓
০৫. [illegible] কপি।

নিবেদক-

ইউনিয়নের সচেতন মহলের পক্ষে-

১. [signature]
২. [signature]
৩. [signature]
৪. [signature]
৫. [signature]
৬. [signature] ০১৭২৪-৫২২২০০
৭. [signature] 01773706058
৮. [signature]